

AKASHVANI KOLKATA

Regional News Unit

Date: 03.10.2026

Time: 1.30 P.M

DEO: KB

Desk in Charge: SDG

Compile: Sankar.M

NRT: Ranjana.C

Announcement: আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ

- ১। অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে নীতি নির্ধারণের সময় নীতি-নির্ধারকদের বাস্তব পরিস্থিতি আরও ভালোভাবে বুঝতে হবে বলে উপরাষ্ট্রপতি অভিমত ব্যক্ত করেছেন।
- ২। শিল্প বাণিজ্যমন্ত্রী পিয়ুষ গোয়েল বলেছেন, ভারত অবাধ বাণিজ্য সম্পর্কের নেটওয়ার্ক গড়ে তুলছে বিশ্ব অর্থনীতির ৭৫ থেকে ৮০ শতাংশ যার আওতায় আসবে।
- ৩। হরমুজ প্রণালীতে কুয়েতের পতাকা বাহি একটি তেলের ট্যানকার থেকে ৫ভারতীয় নাগরিককে উদ্ধার করা হয়েছে।
- ৪। মাদকপাচার চক্রের কুখ্যাত পান্ডা নভপ্রীত সিংকে দেশে ফিরিয়ে এনে ভারত এক বড় সাফল্য অর্জন করেছে।
- ৫। এশিয়ান গেমসে মহিলাদের গল্ফে প্রথার ভারতীয় হিসেবে প্রনবি আর্স শোনা জিতেছেন।
- ১৮ টি সোনা সহ ৭৯ টি পদক জিতে ভারত তালিকার পঞ্চম স্থানে। ক্রিকেটে ভারত পাকিস্তানের সামনে জয়ের জন্য ২১২ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।
- ৬। কলকাতায় ভারত ও ব্রাজিলের মধ্যে আন্তর্জাতিক ফিফা আন্তর্জাতিক প্রীতি ফুটবল ম্যাচ নিয়ে ব্যাপক উদ্দীপনা।

অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে নীতি নির্ধারণের সময় নীতি-নির্ধারকদের বাস্তব পরিস্থিতি বোঝার ওপর উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন জোর দিয়েছেন। আজ নতুন দিল্লিতে আয়োজিত 'পঞ্চম কৌটিল্য ইকোনমিক কনক্লেভ ২০২৬'-এ ভাষণে উপরাষ্ট্রপতি আরও বলেন, বদলে যাওয়া পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার মতো নমনীয় হওয়া উচিত নীতিগুলির, পাশাপাশি সেগুলির সঠিক রূপায়ণও নিশ্চিত করতে হবে।

উপরাষ্ট্রপতি উল্লেখ করেন, ভারতের বর্তমান অর্থনৈতিক সংস্কারের শিকড় দেশের গণতান্ত্রিক ঐতিহ্য ও সর্বসম্মতি গড়ে তোলার প্রক্রিয়ার মধ্যে নিহিত। তিনি বলেন, সামাজিক স্থিতিশীলতা থেকে অর্থনৈতিক স্থিতিশীলতাকে আলাদা করে দেখা যায় না। উন্নয়নের সুফল সমাজের সব অংশের মানুষ এবং দেশের প্রতিটি অঞ্চলের কাছে পৌঁছে দিতে হবে।

শিল্প বাণিজ্যমন্ত্রী পিযুষ গোয়েল বলেছেন, ভারত অবাধ বাণিজ্য সম্পর্কের নেটওয়ার্ক গড়ে তুলছে বিশ্ব অর্থনীতির ৭৫ থেকে ৮০ শতাংশ যার আওতায় আসবে। শিকাগো ভারত মার্কিন কমিউনিটি ফাউন্ডেশনের আয়োজিত এক সভায় তিনি বলেন, সম্প্রতি ভারত বিভিন্ন দেশের সঙ্গে বাণিজ্য আলোচনা সম্প্রসারিত করেছে। আরো অনেক দেশের সঙ্গে বাণিজ্য আলোচনা চলছে। এর ফলে ভারতীয় কোম্পানিগুলি বিশ্ববাজারে আরও বেশি করে অংশ নিতে পারবে। শ্রী গোয়েল আরো বলেন ২০১৪ সালের আগে ভারতের অবাধ বাণিজ্য চ্যুতির পরিমাণ ছিল প্রায় প্রায় ১০ ট্রিলিয়ন ডলার। এই পরিমাণ ক্রমশ বাড়ছে। এখন তা দাঁড়িয়েছে প্রায় জিডিপি়র হিসেবে ৬০ ট্রিলিয়ন ডলার। আরো ৬ থেকে ৮ টি দেশের সঙ্গে আলোচনা চলছে।

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল আন্তর্জাতিক বাণিজ্য ক্ষেত্রে ভারসাম্যহীনতা দূর করতে বিশ্ব বাণিজ্য সংস্থা—ডব্লিউ-টি-ও-র নিয়ম মেনে ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন।

মার্কিন যুক্তরাষ্ট্রের মিলওয়াকিতে জি-২০ বাণিজ্যমন্ত্রীদেব বৈঠকের সমাপ্তি অধিবেশনে গতকাল শ্রী গোয়েল বলেন, বিশ্বের দ্রুততম বিকাশশীল বৃহৎ অর্থনীতির দেশ ভারত। এর অর্থনীতি ১৪০ কোটি মানুষের অভ্যন্তরীণ চাহিদার ওপর নির্ভরশীল। তিনি বলেন, আন্তর্জাতিক সরবরাহ শৃঙ্খলে এক বিশ্বস্ত অংশীদার হিসেবে ভারত পরিকল্পনা থেকে পণ্য উৎপাদন পর্যন্ত এক নিবিড় ভ্যালু চেইন গড়ে চলেছে। ভারতের উৎপাদন ক্ষমতা, দেশের অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক—দু’ ধরনের চাহিদাই পূরণ করে বলে মত প্রকাশ করেন তিনি।

হরমুজ প্রণালীতে কুয়েতের পতাকা লাগানোর একটি তেলের ট্যাঙ্কার আগ্নেয়াস্ত্রে আঘাতে বিকল হওয়ার পর সেখান থেকে পাঁচ ভারতীয় নাগরিককে উদ্ধার করা হয়েছে। ওমানে ভারতীয় দূতাবাস সোশ্যাল মিডিয়া বার্তায় জানিয়েছে, এম টি কাজিমা থ্রি নামে ঐ ট্যাঙ্কার থেকে ভারতীয় নাগরিকদের নিরাপদে উদ্ধার করে তীরে নিয়ে আসার কাজে তারা সমন্বয় সাধন করেছে। এই উদ্ধার অভিযানে সহায়তার জন্য দূতাবাস ওমান কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়েছে। পশ্চিম এশিয়ায় উত্তেজনা বাড়তে থাকার পর ভারতীয় যাত্রী ও নাগরিক সহ বহু বাণিজ্যিক সমুদ্র যান হামলার মুখে পড়েছে। পারস্য উপসাগরের সঙ্গে ওমান উপসাগর ও আরব সাগরের সংযোগকারী সংকীর্ণ সমুদ্র পথ হল এই হরমুজ প্রণালী।

মাদক পাচার চক্রের কুখ্যাত পাভা নভপ্রীত সিংকে দেশে ফিরিয়ে এনে ভারত এক বড় সাফল্য অর্জন করেছে। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ সামাজিক মাধ্যম বার্তায় বলেছেন, তুরস্কের নাগরিকত্ব নিয়ে নভপ্রীত সিং, নবাব ভিক নাম নিয়েছিল। বেনামেই সে হেরোইন এবং মাদক পদার্থ আফগানিস্তান থেকে ভারতে পাচার করত। তাকে দেশে ফিরিয়ে আনা, মোদি সরকারের এক বড় সাফল্য বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র মন্ত্রী।

মহারাষ্ট্রের হিঙ্গোলি জেলার ওয়াসনাট তালুকে আজ সকালে চার দশমিক পাঁচ রিখটার স্কেল মাত্রার ভূমিকম্প অনুভূত হয়। পার্শ্ববর্তী নান্দেব জেলাতেও এই ভূমিকম্প অনুভূত হয়েছে।

জনসেবা থেকে দেশ সেবা এই মন্ত্রকে সামনে রেখে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় নিরলস ভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেবা ও সুসাসনেই ভাবনাকে সামনে রেখেই ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য পূরণে কাজ করছে কেন্দ্র।

মুর্শিদাবাদের সাগরদিঘীর বিক্ষুব্ধ তৃণমূল কংগ্রেস বিধায়ক বায়রন বিশ্বাস, অগ্নিদগ্ধ। আজ সকাল ১১টা নাগাদ তাঁর ধুলিয়ানের বাড়িতে আগুন লাগে। সেখানেই গুরুতর অগ্নিদগ্ধ হন তিনি। গুরুতরভাবে অগ্নিদগ্ধ হয়ে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি হয়েছেন। ধুলিয়ানে তাঁর বাড়িতে আজ সকালে এই দুর্ঘটনা ঘটে। গুরুতর দগ্ধ হওয়ার পর প্রথমে তাঁকে তাঁরই বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। পরে শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। জানা গিয়েছে, বিধায়কের অবস্থা আশঙ্কাজনক। চিকিৎসকদের একটি বিশেষ দল তাঁর চিকিৎসা শুরু করেছে। কীভাবে আগুন লাগল, তা এখনও স্পষ্ট নয়। ঘটনার কারণ খতিয়ে দেখা হচ্ছে।

এশিয়ান গেমসে মহিলাদের গল্ফে প্রনবি আর্স শোনা জিতেছেন। সিঙ্গাপুরের শ্যানন জুয়ান ইন তান এবং চিনের রুনিং কে তিনি হারিয়ে দেন। ২৩ বছর বয়সী প্রনবি প্রথম মহিলা গলফার হিসেবে এশিয়ান গেমসে সোনা জিতলেন।

এশিয়ান গেমসে পুরুষদের তিরন্দাজিতে ব্যক্তিগত রিকার্ড ইভেন্টে ভারতের নিরজ চৌহান, স্বদেশীয় ধীরাজ বোম্মাদেওয়ারাকে ৬-৪-এ হারিয়ে ব্রোঞ্জ পদক জিতেছেন। তরুণদীপ

রাইয়ের পর এশিয়ান গেমসের ব্যক্তিগত রিকার্ড বিভাগে নিরজ দ্বিতীয় পুরুষ তীরন্দাজ পদক জয় করলেন।

জাপানের আইচি-নাগোয়ায় অনুষ্ঠিত এশিয়ান গেমসে ভারতীয় ক্রীড়াবিদদের স্বর্ণ পদক জয়ের ধারা অব্যাহত। আজ সকালে তীরন্দাজ কুমকুম মোহোদ নাটকীয় 'শুট-অফ'-এ দক্ষিণ কোরিয়ার ওহ ইয়েজিনকে পরাজিত করে এশিয়ান গেমসের ব্যক্তিগত রিকার্ড ইভেন্টে স্বর্ণপদক জিতেছেন। এই জয়ের ফলে ২০২৮ সালের লস এঞ্জেলস অলিম্পিকের নিজের স্থান নিশ্চিত করার পাশাপাশি ব্যক্তিগত রিকার্ড ইভেন্টে এশিয়ান গেমসে পদকজয়ী প্রথম ভারতীয় মহিলা হওয়ার গৌরব অর্জন করলেন কুমকুম।

গতকাল পুরুষদের ৬৫-কেজি ফ্রিস্টাইল ইভেন্টে স্বর্ণপদক জিতেছেন ভারতীয় কুস্তিগীর সুজিত কালকাল। মহিলাদের ৬৫-কেজি বিভাগে চাইনিজ তাইপেইয়ের নিলেন-চিন চেনকে ফাইনালে ৩-২ ব্যবধানে হারিয়ে পারভীন ছুডা ও পুরুষদের ৮০-কেজি বিভাগে দক্ষিণ কোরিয়ার কিম মিনসেওংকে ৪-০ ব্যবধানে হারিয়ে অক্ষুশ পাংঘাল স্বর্ণপদক জয় করেছেন। ভারতের তারকা মহিলা বক্সার লাভলিনা বরগোহাইন ৭৫ কেজি বিভাগে স্বর্ণপদক জিতেছেন।

এছাড়া তীরন্দাজিতে অক্ষিতা ভকত, কীর্তি শর্মা এবং কুমকুম মোহোদ এর মহিলা রিকার্ড দল তাদের প্রথম এশিয়ান গেমস স্বর্ণপদক জিতে ইতিহাস সৃষ্টি করেছে। এছাড়া মিক্সড রিকার্ড দলগত ইভেন্টে চীনের কাছে ৩-৫ ব্যবধানে হেরে ভারতীয় তীরন্দাজ কুমকুম মোহোদ ও ধীরজ বোম্মাডেভারা রৌপ্যপদক অর্জন করেন।

সেপাকটাকরো ইভেন্টে ভারত পুরুষদের কোয়াড্রান্ট বিভাগে ইতিমধ্যেই ব্রোঞ্জপদক নিশ্চিত করেছে। অপরদিকে নৌ-চালনা ইভেন্টে ২৯ বছর বয়সী ভারতীয় নেত্রা কুমানান মহিলা ডিঙ্গি বিভাগে ব্রোঞ্জ জিতেছেন।

উল্লেখ্য দুর্দান্ত পারফরম্যান্সের সুবাদে ভারত ১৭টি সোনা, ২৫টি রূপো এবং ৩৫টি ব্রোঞ্জ পদক নিয়ে সামগ্রিক পদক তালিকায় পঞ্চম স্থানে উঠে এসেছে। এই মুহূর্তে ভারতের মোট পদক সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭৭-এ।

এশিয়ান গেমসে পুরুষদের ক্রিকেটের ফাইনালে ভারত পাকিস্তানকে হারিয়ে সোনা জয় করেছে। আজ টসে জিতে ভারত প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয়। নির্ধারিত ২০ ওভারে তারা ৬ উইকেটে ২১১ রান করে। জবাবে ব্যাট করতে নেমে পাকিস্তান ৬ উইকেটে ১৯২ করতে সমর্থ হয়। এই জয়ের ফলে ভারত ১৯ টি সোনা সহ ৮০ টি পদক নিয়ে পঞ্চম স্থানে রয়েছে।

ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে সিরিজের তৃতীয় একদিনের ক্রিকেটে ভারত আজ চণ্ডীগড়ে শেষ ম্যাচ খেলতে নামবে। প্রথম দুটি ম্যাচে জয়ী হয়ে ভারত ২-০-তে এগিয়ে রয়েছে।

কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ভারত ও ব্রাজিল ফিফা আন্তর্জাতিক প্রীতি ম্যাচে মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। এই ম্যাচকে ঘিরে জনমানসে ব্যাপক উদ্দীপনার সৃষ্টি হয়েছে।

ম্যাচকে কেন্দ্র করে যুবভারতীতে আন্তর্জাতিক ফুটবল সংস্থা ফিফার নির্ধারিত যাবতীয় নিয়মবিধি ও নিষেধাজ্ঞা মেনে নিশ্চিহ্ন নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। দর্শকদের সুবিধার পাশাপাশি যানচলাচল স্বাভাবিক রাখতেও একাধিক ব্যবস্থা নেওয়া হয়েছে। নিরাপত্তার স্বার্থে যুবভারতীতে মাদকজাতীয় দ্রব্যের পাশাপাশি লেজার লাইট, ব্যানার, হোর্ডিং, পোস্টার, ছাতা এবং জলের বোতল নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

একটি প্রতিবেদন

(ভি সি অরিজিত দা)
